যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
JASHORE PALLI BIDYUT SAMITY-1
E-mail: jessorepbs1@gmail.com, Web Site: https://pbs1.jessore.gov.bd/

প্রধান কার্যালয়
তপসীডাঙ্গা, যশোর
টেলিফোন: অফিস: ০২৪৭৭৭৬০১৯০
অভিযোগ কেন্দ্র: ০২৪৭৭৭৬০১৮৯

স্মারক নং- ২৭.১২.৪১৪৭.৫১০.০০১.০৩৮.২৬. ৪০৪৭

তারিখঃ- ০৫ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ / ২০ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ

"ঝিকরগাছা- ৪ (বাঁকড়া) ইনডোর উপকেন্দ্রে স্থাপিত ০১টি ১১ কেভি ব্রেকার মেরামতের জন্য দরপত্র আহ্বান (RFQ)"

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ঝিকরগাছা- ৪ (বাঁকড়া) ইনডোর উপকেন্দ্রে স্থাপিত ০১টি ১১ কেভি ব্রেকার মেরামতের লক্ষ্যে সমিতি কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় বাংলাদেশের প্রকৃত প্রস্তুতকারী/সরবরাহকারী/ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটারহেড প্যাডে নিম্নলিখিত বিবরণ এবং শর্তানুযায়ী সীল মোহরকৃত দরপত্র (RFQ) আহ্বান করা যাচ্ছে।

ক্রঃনং	বিবরণ	পরিমান	একক দর	মোট দর
০১	১১ কেভি ব্রেকার ইনডোর টাইপ (11 KV VCB, Outgoing Feeder) কোম্পানী- সিমেন্স	০১ টি		
	মোট=	০১ টি		

শর্তাবলীঃ-

০১। দরপত্র সমূহ আগামী ২৭/০৯/২০২৬ খ্রিঃ তারিখ (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) সকাল ১১.০০ ঘটিকায় পর্যন্ত সিনিয়র জেনারেল ম্যানেজার, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১, তপসীডাঙ্গা, যশোর এ রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করতে হবে। দরপত্রসমূহ একই দিন অর্থাৎ ২৭/০৯/২০২৬ খ্রিঃ তারিখ সকাল ১১:০৫ ঘটিকার সময় উল্লেখিত স্থানে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০২। দরপত্রের বিপরীতে দরদাতা প্রতিষ্ঠানকে নিজস্ব লেটার হেডপ্যাডে মুখবন্ধ খামে দর দাখিল করতে হবে। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনাক্তকরন নম্বর (TIN), সর্বশেষ আয়কর পরিশোধের প্রত্যয়ন পত্র, ভ্যাট নিবন্ধন সনদ ও ব্যাংক সলভেন্সি সনদ এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

০৩। **দরদাতাকে অবশ্যই দরপত্র দলিল (RFQ) এর নির্ধারিত ফরমেটে (আংশিক গ্রহণযোগ্য নহে) এবং সকল স্থান যথাযথভাবে পূরণ ও সীল-স্বাক্ষর করত: দরপত্র দাখিল করতে হবে। নতুবা নন-রেসপনসিভ হিসেবে বিবেচিত হবে।**

০৪। খামের উপর **" ঝিকরগাছা- ৪ (বাঁকড়া) ইনডোর উপকেন্দ্রে স্থাপিত ০১টি ১১ কেভি ব্রেকার মেরামতের দরপত্র"** শব্দটি স্পষ্টভাবে লিপিবদ্ধ করে দরপত্র দাখিল করতে হবে।

০৫। ব্রেকার মেরামতের জন্য সরবরাহকৃত মালামাল সম্পূর্ণ নতুন এবং ত্রুটিমুক্ত হতে হবে। সরবরাহকৃত মালামালের কোন ত্রুটি পরিলক্ষিত হলে কিংবা স্পেসিফিকেশন বর্হিভূত মালামাল সরবরাহ করা হয়েছে বলে প্রমাণিত হলে মেরামতকারীকে ক্রেতার নির্দেশ অনুয়ায়ী অনতিবিলম্বে মালামাল ত্রুটিমুক্ত করতে হবে।

০৬। দরপত্রের উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে এবং একক দর ও মোট উদ্ধৃত দরের মধ্যে কোন গানিতিক ভুল থাকলে সর্বক্ষেত্রেই একক দর গ্রহণযোগ্য দর হিসাবে বিবেচনা করা হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ ওভার রাইটিং/ ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না। দরপত্র সঠিকভাবে পূরন করত: প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধিকে দরপত্রে স্বাক্ষর করতে হবে।

০৭। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের মালামাল সরবরাহ ও ব্রেকার মেরামত করার পর ব্রেকারটি সমিতির প্রতিনিধি কর্তৃক পরিদর্শন পূর্বক সন্তোষজনক সাপেক্ষে বিল পরিশোধ করা হবে।

০৮। মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে সরকারী সর্বশেষ নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট কর্তন সাপেক্ষে একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

০৯। কার্যাদেশে বর্ণিত সময়ের মধ্যে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে মেরামতের মালামালসমূহ নিজ দায়িত্বে ও নিজ খরচে অত্র সমিতির ঝিকরগাছা- ৪ (বাঁকড়া) ইনডোর উপকেন্দ্রে পৌঁছাতে হবে।

১০। যথাসময়ে ব্রেকার মেরামত করতে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে বিলম্ব মাশুল কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% এর অধিক হবে না।

১১। দরপত্র সম্পর্কে কারোও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন আগে উপরোক্ত ঠিকানায় লিখিতভাবে জানাতে হবে।

১২। যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কোন কারণ দর্শানো ব্যতীরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১৩। দরপত্র বিজ্ঞপ্তির শর্তাবলীতে উল্লেখিত নাই এমন সকল বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে।

১৪। আগ্রহী দরদাতা প্রতিষ্ঠান দরপত্র বিজ্ঞপ্তিটি বাগেরহাট পবিসের ওয়েব সাইটে https://pbs1.jessore.gov.bd দেখতে পারবেন।।

(মোহাম্মদ আসাদুজ্জামান খান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।)

০১। পরিচালক পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০২। জেলা প্রশাসক, যশোর।
০৩। পুলিশ সুপার, যশোর।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ..... পবিস ১/২/৩/৪।
০৫। মেয়র, যশোর পৌরসভা, যশোর।
০৬। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, যশোর।
০৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপদ, যশোর।
০৮। উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর/ শার্শা/ ঝিকরগাছা/ চৌগাছা/ বাঘারপাড়া উপজেলা, যশোর।
০৯। ডিজিএম, কারিগরী/শার্শা/ঝিকরগাছা/বাঘারপাড়া/চৌগাছা, যশোর পবিস -১।
১০। এজিএম, বাগ-আঁচড়া/বাঁকড়া/রুপদিয়া/খাজুরা/পুড়াপাড়া/বেনাপোল সাব-জোনাল অফিস, যশোর পবিস-১।
১১। এজিএম (অর্থ- হিসাব), যশোর পবিস -১।
১২। এজিএম (আইটি), যশোর পবিস-১ (ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ) ।
১৩। মেসার্স .....
১৪। নোটিশ বোর্ড, যশোর পবিস -১।
১৫। অফিস কপি / মাস্টার কপি।

(মোহাম্মদ আসাদুজ্জামান খান)
জেনারেল ম্যানেজা

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
তপসীডাঙ্গা, যশোর

দরপত্র দলিল

কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে ঝিকরগাছা- ৪ (বাঁকড়া) ইনডোর উপকেন্দ্রে স্থাপিত ০১টি ১১ কেভি ব্রেকার মেরামতের দরপত্র বিজ্ঞপ্তি।

দরপত্র বিজ্ঞপ্তি নম্বরঃ	**স্মারক নং- ২৭.১২.৪১৪৭.৫১০.০০১.০৩৮.২৬. তরিখ: ২০/০৯/২০২৬খ্রিঃ।**
ফোন/মোবাইল নংঃ -	**০২৪৭৭৭৬০১৯০/ ০১৭৬৯-৪০০৪৯৩**
দরদাতা প্রতিষ্ঠানের নামঃ	

ইস্যুকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল

কোটেশন দাখিল পত্র
(প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করণ)

প্রতি
জেনারেল ম্যানেজার, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে ঝিকরগাছা-৪ (বাঁকড়া) ইনডোর উপকেন্দ্রে স্থাপিত ০১টি ১১ কেভি ব্রেকার মেরামতের জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা (অংকে---------- এবং কথায়---------- উল্লেখ করুন)

আমার/আমাদের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোন সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমার/আমাদের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হয়নি। এছাড়াও, আমি/আমরা অনুচ্ছেদ-১৯(বি)-তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগীতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা **২০/০৯/২০২৬ খ্রিঃ** তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার
স্বাক্ষর
তারিখঃ

পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল

স্মারক নং- ২৭.১২.০১০৮.৫৩২.০১.০৩৮.২৬.

তারিখঃ ২০/০৯/২০২৬ খ্রিঃ।

ক্রঃ নং	বিবরণ	পরিমান		একক দর/মূল্য		মোট মূল্য	পণ্য সরবরাহের গন্তব্য স্থান
				অংকে	কথায়	অংকে/কথায়	
১	২	৩	৪	৫	৬	৭	৮
১	১১ কেভি ব্রেকার ইনডোর টাইপ (11 KV VCB, Outgoing Feeder) কোম্পানী- সিমেন্স	০১ টি					যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ তপসীডাঙ্গা, যশোর।
					মোট=		

পণ্য প্রেরণের ঠিকানা :	**যশোর পল্লী বিদ্যুৎ সমিতি- ১, তপসীডাঙ্গা, যশোর।**
মোট মূল্য টাকায় (কথায়)	[উপরোল্লিখিত তফশীলের ৭ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য লিখুন।]
প্রস্তাবিত সরবরাহ	[২৮ দিন ক্রয় আদেশ জারির তারিখ থেকে]
প্রদত্ত ওয়ারেন্টি (warranty)	[পণ্য সরবরাহ সম্পন্নের তারিখ থেকে সপ্তাহ অথবা দিন লিখুন; প্রযোজ্য না হলে তারিখ বা দিন উল্লেখ করার প্রয়োজন নেই]

আমি/আমাদের দ্বারা এই মূল্যর তফশীলের তফসীলে [.....] টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করে করা হয়েছে। আমার/আমাদের প্রস্তাব ------দিন/-------মাস/----------বছর পর্যন্ত বৈধ [কোটেশনের বৈধাতার তারিখ লিখুন]

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর	
কোটেশনদাতার নাম	তারিখ: দিন/মাস/বছর

টীকা:

১। কলাম ১,২, ৩, ৪, ও ৮ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৫ , ৬ ও ৭ কোটেশনদাতা পূরণ করবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফি, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

ক্রঃ নং	আইটেম নম্বর/সংখ্যা	আইটেমের বিবরণ	পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান	উৎস দেশের নাম	তৈরি এবং মডেল (make and mode)
১	২	৩	৪	৫	৬
১	০১ টি	১১ কেভি ব্রেকার ইনডোর টাইপ (11 KV VCB, Outgoing Feeder) কোম্পানী- সিমেন্স			

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর	তারিখ: দিন/ মাস/ বছর
কোটেশনদাতার নাম	

টীকা:

১. কলাম ১ ও ৩ ক্রয়কারী এবং কলাম ২, ৪, ৫ ও ৬ কোটেশনদাতা পূরণ করবে।

২. বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারী পূরণ করবে। ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগিতামূলক দর প্রদানের জন্য একসেট সঠিক এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করতে হবে এবং একইসঙ্গে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরি দক্ষতা, দ্রবাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ননা করতে হবে। বিনির্দেশে আবশ্যিক যে, পণ্যে অন্তর্ভুক্ত সমস্ত আইটেম, দ্রবাদি এবং আনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি মডেলের হবে।তার নকশা এবং দ্রবাদিতে সব সাম্প্রতিক উৎকর্ষ সন্নিবেশিত হবে।

৩. পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জসপূণ্য হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে । কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী (make) ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরন/প্রচারপত্র (brochures) সংযুক্ত করবে।

পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী

১. চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনা জন্য এখানে বর্নিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধান প্রযোজ্য হবে।

৩. কার্যাদেশ জারি হওয়ার ০৭ দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে সরবরাহ সমাপ্ত করতে হবে।

৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।

৫. চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ত্রুটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।

৭. যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে । সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০. সরবরাহকারীর দর বা মূল্য মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১. মোট চুক্তি মূল্য টাকা **[অংকে----------] [কথায় ----------]।**

১২. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ **১২ মাস (পূর্ণ)**

১৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৪. সরবরাহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়মুক্ত রাখবে।

১৫. পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহর কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।

১৬. ০১(এক) বছর ওয়ারেন্টি (Warranty) সময়সীমার ভেতরে কাজের মান নষ্ট হলে, কার্য সম্পাদন প্রতিষ্ঠান নিজ খরচে তা পুনঃরায় সংশোধন করবেন।

১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

১৯. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরাহকারী:

ক. সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত ।

গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

২০. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মিমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পতির ব্যবস্থা গ্রহণ করবে।

২১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

ক্রেতার জন্য নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর	সরবরাহকারীর জন্য নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর
তারিখ	তারিখ

-:সমাপ্ত:-